


অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যয়িত অর্থ জমাকারীর অনুকূলে ফেরৎ প্রদান করা হবে।

- ০২। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ০৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ০৪। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রিত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ০৫। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৬। সরকার অনুমোদিত টোলরেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টাংগিয়ে প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ০৭। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতিটি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৮। ইজারাদার কোন ক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব ইজারা দিতে পারবেন না।
- ০৯। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়কর) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/-টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- ১১। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন এবং নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১২। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হবে না।
- ১৩। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরৎ প্রদান করা হবে।
- ১৪। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাবে।
- ১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



মোঃ মাহাবুবুর রহমান শেখ
উপজেলা নির্বাহী অফিসার
শরীয়তপুর সদর, শরীয়তপুর
টেলিফোন : ০৬০১-৫১৩০৮
মোবাইল : ০১৯৬১১৩৩৫২২

ইমেইল : ynoshariatpur@mopa.gov.bd

তারিখ : ০৩ মার্চ, ১৪২৬ বঙ্গাব্দ


০৩ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নং-০৫.৩০.৮৬৬৯.০০০.১১.০০১.২০- ১১৮

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, শরীয়তপুর
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শরীয়তপুর
- ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, শরীয়তপুর
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শরীয়তপুর
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরীয়তপুর সদর, শরীয়তপুর
- ০৬। মেয়র, শরীয়তপুর পৌরসভা
- ০৭। অফিসার ইনচার্জ, পালং মডেল থানা, শরীয়তপুর
- ০৮। উপজেলা কর্মকর্তা (সকল), শরীয়তপুর সদর, শরীয়তপুর
- ০৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, শরীয়তপুর শাখা, শরীয়তপুর
- ১০। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ (সকল), শরীয়তপুর
- ১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.....ইউনিয়ন ভূমি অফিস, শরীয়তপুর সদর
- ১২। সম্পাদক দৈনিক পত্রিকা,
- ১৩। ইজারাদার, ১৪২৬বাংলা সন.....হাট-বাজার, শরীয়তপুর সদর, শরীয়তপুর
- ১৪। অফিস কপি

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য
অনুরোধ করা হলো
আপনার পত্রিকায় বহুল
প্রচারের জন্য অনুরোধ



মোঃ মাহাবুবুর রহমান শেখ

উপজেলা নির্বাহী অফিসার

শরীয়তপুর সদর, শরীয়তপুর

০৩ মার্চ ২০১৯